



আওয়ামী লীগের সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেনের মৃত্যু



সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন মারা গেছেন। বুধবার (১৩ মে) সকালে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। পরিবারের পক্ষ থেকে তার মৃত্যুর খবর নিশ্চিত করা হয়েছে।

চট্টগ্রামের মীরসরাইয়ে জন্ম নেওয়া মোশাররফ হোসেন দীর্ঘ রাজনৈতিক জীবনে একাধিকবার সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৭০ সালে তৎকালীন পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে তার সংসদীয় রাজনীতিতে যাত্রা শুরু হয়। পরে স্বাধীন বাংলাদেশেও বিভিন্ন সময়ে জাতীয় সংসদে প্রতিনিধিত্ব করেন।

আওয়ামী লীগ সরকারের আমলে তিনি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন। এছাড়া বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবেও দায়িত্ব ছিলেন। রাজনীতির পাশাপাশি মুক্তিযুদ্ধেও সক্রিয় ভূমিকা রাখেন তিনি।

বার্ধক্যজনিত শারীরিক জটিলতায় গত কয়েক সপ্তাহ ধরে হাসপাতালে ভর্তি ছিলেন মোশাররফ হোসেন। অবস্থার অবনতি হলে তাকে লাইফ সাপোর্টে নেওয়া হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর।

রাজনীতির বাইরে ব্যবসায়িক কর্মকাণ্ডেও যুক্ত ছিলেন তিনি। কক্সবাজারের হোটেল ব্যবসার সঙ্গে সম্পৃক্ত থাকার পাশাপাশি চট্টগ্রামের একটি আন্তর্জাতিক মানের হোটেল প্রতিষ্ঠানের চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। পরিবারের পক্ষ থেকে জানাজা ও দাফনের সময় পরে জানানো হবে।